

বেসুর সমাবর্তন

প্রবীর ব্যানার্জি: মঙ্গলবার শিবপুর ইঞ্জিনিয়ারিং কলেজের দ্বাদশ বার্ষিক সমাবর্তন অনুষ্ঠানে বিশেষ অতিথি কেন্দ্রীয় অর্থ মন্ত্রকের মুখ্য উপদেষ্টা অধ্যাপক কৌশিক বসু বলেন, 'পৃথিবী জুড়ে চলছে মন্দা। এর মধ্যেও ভারতের আর্থিক বৃদ্ধি ঘটেছে। যদিও চীন অনেক এগিয়ে। উন্নয়নের জন্য শিল্প চাই। পাশাপাশি মানুষকে ভাবতে হবে আন্দোলন যেন নেতিবাচক না হয়।' উপাচার্য অজয়কুমার রায় বলেন, আমেরিকার লেহাই বিশ্ববিদ্যালয়ের সঙ্গে চুক্তি হয়েছে আসেনিক নিয়ে যৌথ গবেষণায়। এদিন সাম্মানিক 'ডি লিট' দেওয়া হল সরোদশিল্পী বুদ্ধদেব দাশগুপ্তকে। ৮৭৪ জন ছাত্রছাত্রীকে দেওয়া হল শংসাপত্র।